

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৪৫

১১/ শিকার প্রসঙ্গে (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ১০০. শিকার করা প্রসংগে।

باب فِي الصَّيْدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي السَّفَرِ، عَنِ الشَّعْبِيِّ، قَالَ قَالَ عَدِيُّ بْنُ حَاتِمٍ سَأَلْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم عَنِ الْمِعْرَاضِ فَقَالَ " إِذَا أَصَابَ عِدِيُّ بْنُ حَاتِمٍ سَأَلْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم عَنِ الْمِعْرَاضِ فَقَالَ " إِذَا أَصَابَ بِعَرْضِهِ فَلاَ تَأْكُلْ فَإِنَّهُ وَقِيذٌ " . قُلْتُ أُرْسِلُ كَلْبِي . قَالَ " إِذَا سَمَّيْتَ فَكُلْ وَإِذَا أَصَابَ بِعَرْضِهِ فَلاَ تَأْكُلْ فَإِنَّهُ وَقِيذٌ " . قُلْتُ أُرْسِلُ كَلْبِي . فَقَالَ أُرْسِلُ سَمَّيْتَ فَكُلْ وَإِلاَّ فَلاَ تَأْكُلْ وَإِنْ أَكَلَ مِنْهُ فَلاَ تَأْكُلْ لأَنَّكَ إِنَّمَا أَمْسَكَ لِنَفْسِهِ " . فَقَالَ أُرْسِلُ كَلْبِي فَأَجِدُ عَلَيْهِ كَلْبًا آخَرَ فَقَالَ " لاَ تَأْكُلْ لأَنَّكَ إِنَّمَا سَمَّيْتَ عَلَى كَلْبِكَ " .

বাংলা

২৮৪৫. মুহাম্মদ ইবন কাসীর (রহঃ) আদী ইবন হাতিম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে পালকবিহীন তীর দিয়ে শিকারকৃত জন্তু সম্পর্কে জিজ্ঞাসা করি। তখন তিনি বলেনঃ যদি তীর সরাসরি পশুকে বিদ্ধ করে, তবে তা ভক্ষণ করবে। আর যদি তীর আড়ভাবে আঘাত করে (যার ফলে পশু মারা যায়), তবে তা ভক্ষণ করবে না। কেননা তা হবে আঘাতপ্রাপ্ত মৃত জন্তু। তখন আমি তাঁকে জিজ্ঞাসা করিঃ আমি তো আমার শিকারী কুকুরকে (শিকার ধরার জন্য) পাঠাই (এ ব্যাপারে আপনার অভিমত কি?) তিনি বলেনঃ যদি তুমি শিকারী কুকুর প্রেরণের সময় আল্লাহর নাম ম্মরণ কর, তবে তা ভক্ষণ করবে, অন্যথায় তা খাবে না। আর শিকারী কুকুর যদি তা থেকে কিছু খেয়ে নেয়, তবে তুমি তা ভক্ষণ করবে না। কেননা হয়তো সে তা নিজের জন্য শিকার করেছে। তখন আমি আবার জিজ্ঞাসা করিঃ আমি আমার শিকারী কুকুরকে শিকার ধরার জন্য প্রেরণ করি এবং তার সাথে অন্য কুকুরও দেখতে পাই, (এমতাবস্থায় করনীয় কি?) তখন তিনি বললেনঃ তুমি তা খাবে না; কেননা তুমি তো তোমার কুকুরকে (শিকারের উদ্দেশ্যে) আল্লাহর নাম ম্মরণসহ পাঠিয়েছ।

English

Narrated 'Adi b. Hatim:

I asked Prophet (鰻) about featherless arrow. He said: If it strikes with its



end, eat, and if it strikes with the middle part of it, do not eat, for it died by a violent blow. I said: I set off my dog? He replies: If you mention Allah's name, eat, otherwise do not eat. If it eats any of it, do not eat, for it caught for itself. He asked: I set off my dog, and I find with it another dog? He replied: Do not eat, because you mentioned Allah's name on your dog.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন